AME(ICT DTCA)
17/12/2017.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৫১.১৬-৭০৪ তারিখঃ ১৪.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে রংপুর সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) ২য় দফায় কর্মসূচী অনুমোদন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এঁর পত্র নং-৮৪৮ ও ৮৬৬ -প্রঃপ্রঃ, তারিখঃ ২২.১১.২০১৭ ও ২৬.১২.২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন রংপুর সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় ২য় দফায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের নাম | মহাসড়কের কাজের চেইনেজ (শুরু এবং শেষ স্থানের নামসহ) | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য | প্রাক্কলিত সম্ভাব্য ব্যয় (লক্ষ টাকায়) | কাজের ধরণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | নীলফামারী | জলঢাকা (ভাদুরদরগাহ)-ডিমলা-টুনিরহাট (জেড-৫৭০৩) | ০০+০০০-০৯+৫০০<br>ভাদুরদরগাহ হতে ডিমলা পর্যন্ত। | ৯.৫০ | ১৪১৫.৭৩ | মজবুতিকরণ ও ৫০ মিমি ডিবিএস ওয়্যারিং কোর্স |
| ২ | বগুড়া | ঢাকা(মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (এন-৫) জাতীয় মহাসড়ক | ১৮৫+৮২০-১৮৮+৮০০<br>ঘোগা হাটখোলা- একনিজ কোং<br>১৯১+৮০০-১৯৯+৮০০<br>ইটালী-ফায়ার সার্ভিস<br>২০৫+৭০০-২০৬+৫০০<br>সিপি বাংলাদেশ-সি ব্লক<br>২০৮+২০০-২০৮+৮০০<br>বি ব্লক ওভারব্রীজ-বিজয়ংগন<br>২৩৬+৫৯০-২৪০+৫৭০<br>চন্ডীহারা-মোকামতলা | ১৬.৩৬ | ২২৮১.০০ | ওভারলে (ডিবিএস ওয়ারিং কোর্স) ৫০ মি.মি. |
| ৩ | গাইবান্ধা | ঢাকা(মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (এন-৫) জাতীয় মহাসড়ক | ২৪৬+৫৫০-২৪৭+২৫০<br>২৪৮+১০০-২৪৯+০০০<br>২৪৯+৬০০-২৫০+৫০০<br>২৫১+৩৪০-২৫২+৫৯০<br>২৫২+৯১০-২৫৪+৪০০<br>২৫৫+৩০০-২৫৬+২৬০<br>২৫৮+৩০০-২৫৯+২০০<br>২৬১+০০০-২৬১+৭০০<br>২৬২+১০০-২৬৩+০০০<br>২৬৩+৬০০-২৬৩+৯৫০<br>২৬৪+৩৫০-২৬৫+৮৫০<br>২৬৬+৫০০-২৬৭+৯০০<br>২৬৮+০০০-২৬৯+৪৫০<br>২৭২+০১০-২৭৩+৬০০<br>২৭৩+৭০০-২৭৪+৭০০<br>২৭৪+৮০০-২৭৬+১০০<br>২৭৬+২০০-২৭৬+৭০০<br>২৭৬+৮০০-২৭৮+৪৪০<br>২৭৮+৫৬০-২৭৯+১০০<br>চাপরীগঞ্জ কোল্ডস্টোর-ধাপেরহাট বাজার | ১৯.৯৭ | ২০০০.০০ | ৫০ মি.মি. ওভারলে কাজ |
| ৪ | রংপুর | ঢাকা(মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (এন-৫) | ২৭৯+০৭০-৩১৪+৯৯০<br>মাদারহাট-বলাদিপুকুর | ১৮.৭৫ | ২০০০.০০ | মজবুতিকরণসহ ডিবিএস ওয়ারিং কোর্স ৫০ মি.মি. |
| ৫ | দিনাজপুর | ঢাকা(মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (এন-৫) | ৩৯৪+৫০০-৪০৮+৫০০<br>বেলডাঙ্গা-বীরগঞ্জ পৌরসভা | ১৪.০০ | ১২০৯.৭৪ | ৫০ মিমি. ডিবিএস ওয়্যারিং কোর্স |
| | | মোট | | ৭৮.৫৮ | ৮৯০৬.৪৭ | |

শর্তঃ

১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

পূর্ব পৃষ্ঠার পর-

৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সবোর্চ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভূক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভূক্ত করা যাবে।

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন,২০১৬ (১ আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;

১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ

২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength ন্যূনতম Class-30 মানের হতে হবে;

(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপ সচিব
ফোন: ৯৫১৪০৭৫।
dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, রংপুর সড়ক জোন, রংপুর।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫। ড. সৈয়দা সালমা বেগম, উপসচিব (জিএফডিপি), মনিটরিং টিম প্রধান, টিম নং-১৯, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬। জনাব মোঃ নজরুল ইসলাম সরকার, উপসচিব (রক্ষণাবেক্ষণ), মনিটরিং টিম প্রধান, টিম নং-২০, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭। জনাব তওহীদ আহমদ সজল, সিনিয়র সহকারী প্রধান (কার্যক্রম ও এডিপি), মনিটরিং টিম প্রধান, টিম নং-২১, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
০৯। অফিস কপি/ মাস্টার কপি।